

দ্বাদশ জাতীয় সংসদ নির্বাচনে
বরগুনা-১ আসনে
**জনাব গোলাম সরোয়ার টুকু**
বরগুনা-২ আসনে
**সুলতানা নাদিরা**
সংসদ সদস্য নির্বাচিত হওয়ায়
সংগ্রাম পরিবারের পক্ষ থেকে
**শুভেচ্ছা ও অভিনন্দন**


# সংগ্রাম বার্তা

একটি উপকূলীয় উন্নয়ন সাময়িকী

। বিংশ বর্ষ । সংখ্যা ৬৯ । জানুয়ারি ২০২৪


## বরগুনায় উদ্যোক্তা পণ্য প্রদর্শনী অনুষ্ঠিত



*বরগুনায় 'উদ্যোক্তা পণ্য প্রদর্শনী'র শুভ উদ্বোধন করছেন বরগুনার জেলাপ্রশাসক মহোদয়*

মহান বিজয়দিবসে বরগুনা শিল্পকলা একাডেমি চত্বরে দুই দিনব্যাপী উদ্যোক্তা পণ্য প্রদর্শনী অনুষ্ঠিত হয়েছে। ১৬ই ডিসেম্বর, শনিবার বেলা ১১টার দিকে পায়রা উড়িয়ে ও ফিতা কেটে মেলার উদ্‌বোধন করেন জেলাপ্রশাসক মোহাঃ রফিকুল ইসলাম। বেসরকারি উন্নয়ন সহযোগী সংগঠন সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী)'র সহযোগিতায় বরগুনা জেলাপ্রশাসন 'উদ্যোক্তা পণ্য প্রদর্শনী' মেলার আয়োজন করে। বরিশাল বিভাগের নিজস্ব তৈরি পণ্য; নকশিকাঁথা, হস্তশিল্প, শো-পিস, কৃষি প্রক্রিয়াজাত, শুঁটকি, হোমমেইড খাবার, হ্যান্ডপেইন্ট পোশাক, কসমেটিক্স, ব্লক বাটিক, পাটজাত ও বিভিন্ন ধরনের পিঠা প্রদর্শন করা হয় এই মেলায়। উদ্‌বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন- পুলিশ সুপার জনাব আবদুস ছালাম, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট শুভ্রা দাস, বীর মুক্তিযোদ্ধা সুখরঞ্জন শীল, সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম, নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন, উপ-নির্বাহী পরিচালক চৌধূরী মোহাম্মাদ মঈন।

## সংগ্রাম'র বিষমুক্ত শুঁটকি উৎপাদন প্রক্রিয়ার এমন উদ্যোগ অনুকরণীয় হতে পারে

***-এডিসি ফয়সাল আহমেদ***




*বক্তব্য রাখছেন অতিরিক্ত জেলাপ্রশাসক জনাব ফয়সাল আহমেদ*

বিষমুক্ত শুঁটকি উৎপাদনে কাজ করে যাচ্ছে বরগুনার স্থানীয় উন্নয়ন সংস্থা সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী)। 'বিষমুক্ত শুঁটকি তৈরিতে সংগ্রাম'র এমন উদ্যোগ অনুকরণীয় হতে পারে সারাদেশ তথা বিশ্বের কাছে'- এমন কথা বলেছেন বরগুনার অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) ফয়সাল আহমেদ। ২০ নভেম্বর সংগ্রাম প্রধান কার্যালয়ে আয়োজিত সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)-এর আওতায় 'বাংলাদেশের দক্ষিণাঞ্চলের পরিবেশবান্ধব উপায়ে নিরাপদ শুঁটকি উৎপাদনকারী উদ্যোক্তা তৈরি ও প্রসারের ব্যবস্থা গ্রহণ' উপ-প্রকল্পের সমাপনীয় অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে তিনি এ কথা বলেন।

সাসটেইনেবল এন্টারপ্রাইজ প্রজেক্ট (এসইপি)-এর সমাপনীয় অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বিভিন্ন দিক নির্দেশনামূলক পরামর্শ প্রদান করেন- জেলা মৎস্য কর্মকর্তা বিশ্বজিৎ কুমার দেব। অনুষ্ঠানের শুরুতে স্বাগত বক্তব্য রাখেন- সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন। সংগ্রাম'র কার্যনির্বাহী পরিষদের সভাপতি পাথরঘাটা ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ মোঃ জাহাঙ্গীর হোসেন'র সভাপতিত্বে ও পরিচালক (প্রশিক্ষণ) মাসউদ সিকদার'র সঞ্চালনায় বিশেষ অতিথির বক্তৃতা প্রদান করেন- সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম, পিকেএসএফ'র সহকারী প্রোগ্রাম অফিসার মোঃ শফিউল ইসলাম, বরগুনা প্রেসক্লাবের সাবেক সভাপতি চিত্তরঞ্জন শীল প্রমুখ। শুঁটকি নিয়ে সচিত্র প্রতিবেদন উপস্থাপন করেন- এসইপি প্রকল্প ব্যবস্থাপক মোঃ ইউসুফ। সমাপনীয় অনুষ্ঠানের মাধ্যমে ৭জন উদ্যোক্তাকে শ্রেষ্ঠ টেকসই উদ্যোক্তা হিসেবে সম্মাননা স্মারক প্রদান করা হয়। অনুষ্ঠান প্রাঙ্গণে কুয়াকাটা ও লালাদিয়া শুঁটকির প্রদর্শনী স্টল ঘুরে দেখেন আগত অতিথিবৃন্দ। এ অনুষ্ঠানে অংশগ্রহণ করেন- বরগুনা জেলার বিভিন্ন সরকারি কর্মকর্তা, বেসরকারি সংস্থার প্রতিনিধি, মৎস্য সংশ্লিষ্ট ব্যক্তিবর্গ, উদ্যোক্তা এবং সাংবাদিকবৃন্দ।

## ৩৮ পেরিয়ে ৩৯ বছরে বরগুনার সংগ্রাম

বাংলাদেশের দক্ষিণ উপকূলের প্রান্তিক জনগোষ্ঠীর মানবিক উন্নয়নে এক উজ্জ্বল নাম 'সংগ্রাম' (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী)। ১৯৮৫ সালের ৬ জানুয়ারি বরগুনার পাথরঘাটায় সংগ্রাম প্রতিষ্ঠা লাভ করে। সংস্থাটি ৩৮ বছর পেরিয়ে ৩৯ বছরে পদার্পণ করেছে। শান্তির প্রতীক কবুতর উড়িয়ে এ উপলক্ষ্যে শনিবার (৬ জানুয়ারি) সকালে সংগ্রাম প্রধান কার্যালয়ে কেক কেটে দিনটি উদ্‌যাপন করা হয়। সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন-এর সভাপতিত্বে উপস্থিত ছিলেন- সংস্থাটির সিনিয়র পরিচালক (অ্যাডমিন) রেশমাতুজ্জামান, পরিচালক (প্রশিক্ষণ) মাসউদ সিকদার, পরিচালক (ঋণ) মোঃ হুমায়ুন কবীর, সহকারী পরিচালক (ঋণ) মোঃ ফয়সাল আহমেদ, সহকারী পরিচালক (কর্মসূচি) এ.এন.এম আশরাফ উদ্দিন, মিডিয়া অফিসার আরিফ মিয়া, মোঃ সানাউল্লাহ্ রিয়াদ প্রমুখ। সংগ্রাম'র দীর্ঘ এ পথচলায় এ অঞ্চলের মানুষের শিক্ষা, স্বাস্থ্যসেবা, দারিদ্র্য বিমোচন, দুর্যোগ ঝুঁকি হ্রাস, পুনর্বাসন, পানি ও স্যানিটেশন, জীবিকায়ন, কর্মসংস্থান, উদ্যোগ উন্নয়ন, জেন্ডার বৈষম্য হ্রাস, নারীর ক্ষমতায়ন, দক্ষতা উন্নয়ন, শিশু ও প্রবীণ সেবা, প্রতিবন্ধী ব্যক্তিদের মানোন্নয়ন, পরিবেশ উন্নয়ন, জলবায়ু অভিযোজনে স্বর্ণালি এক অধ্যায় সূচিত হয়েছে। দীর্ঘ এ পথ চলায় কুড়িয়েছে এ অঞ্চলের মানুষের ভালোবাসা। ভালোবাসা আর সম্মানের সাথে বীরদর্পে এ পথচলা আরও সুদীর্ঘ ও সুনির্দিষ্ট এক লক্ষ্যে পৌঁছবে। এমন প্রত্যাশা এ অঞ্চলের প্রতিটি মানুষের।



# রাজনীতিবিদদের জীবনী পড়লে চরিত্র উত্তম হবে -সাইতুল ইসলাম লিটু



বক্তব্য রাখছেন বামনা উপজেলা পরিষদ চেয়ারম্যান জনাব সাইতুল ইসলাম লিটু

একটি সন্তান পরিপূর্ণ মানুষ হিসেবে তখনই গড়ে উঠতে পারবে, যখন তার ঝুঁকিপূর্ণ বয়সটি পার করতে পারবে। ফলে যেমনি পরিবার পাবে একটি ভালো সন্তান, তেমনি এ সমাজ পাবে একজন আদর্শ মানুষ। এই বয়সটি পড়ার বয়স, তাই বড়ো রাজনীতিবিদদের জীবনী পড়তে হবে। যত বেশি বই পড়া যাবে, তত বেশি জ্ঞান অর্জিত হবে। বরগুনা জেলার বামনা উপজেলায় অনুষ্ঠিত সংগ্রাম'র কৈশোর কর্মসূচির আওতায় উপজেলা সমন্বয়-সভা ও ফুটবল বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে বামনা উপজেলা চেয়ারম্যান সাইতুল ইসলাম লিটু তাঁর বক্তৃতায় কিশোরদের উদ্দেশ্য করে এসব কথা বলেন। সংগ্রাম'র বাস্তবায়নে ও পিকেএসএফ-এর সহযোগিতায় ৩১ অক্টোবর বামনা সদর ইউনিয়নের শফিপুর কিশোর ক্লাব প্রাঙ্গণে উপজেলা সমন্বয়-সভা ও ফুটবল বিতরণ অনুষ্ঠান অনুষ্ঠিত হয়। সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম'র সভাপতিত্বে বক্তব্য রাখেন- বামনা সদর ইউপি চেয়ারম্যান অ্যাড. চৌধুরী কামরুজ্জামান ছগির। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- বামনা উপজেলা পরিষদের মহিলা ভাইস চেয়ারম্যান রুমী খানম, বাংলাদেশ আওয়ামী স্বেচ্ছাসেবক লীগের বামনা উপজেলা সভাপতি গোলাম রেদওয়ান রাব্বী তালুকদার, মুক্তিযুদ্ধ সংসদ বামনা উপজেলার সাবেক ডেপুটি কমান্ডার বীর মুক্তিযোদ্ধা মোঃ নূরুল ইসলাম ও ইউপি সদস্য মোঃ আক্তারুজ্জামান। অন্যান্যের মধ্যে উপস্থিত ছিলেন- বুকাবুনিয়া ২নং ওয়ার্ড আওয়ামী লীগের সভাপতি ও বুকাবুনিয়া মাহমুদিয়া দাখিল মাদ্রাসার সিনিয়র শিক্ষক মাওলানা মোঃ মোস্তাফিজুর রহমান, কৈশোর কর্মসূচি'র উপজেলা প্রোগ্রাম অফিসার মোঃ মিজানুর রহমান, দৈনিক স্বাধীন বাণী পত্রিকার বার্তা সম্পাদক মোঃ সানাউল্লাহ রিয়াদ। এ অনুষ্ঠানটি বাস্তবায়নে সহযোগিতা করেন- বামনা সদর ইউপির ওয়ার্ড আওয়ামী লীগের সদস্য মোঃ মনির গাজী ও বামনা সদর ইউনিয়ন কিশোর ক্লাব'র সভাপতি মোঃ মেহেদী হাসান মোল্লা। কৈশোর কর্মসূচি'র আওতায় নৈতিক মূল্যবোধ উন্নয়ন ও সামাজিক সচেতনতা, বয়ঃসন্ধিকাল ও স্বাস্থ্য-সচেতনতা, পরিষ্কার-পরিচ্ছন্নতা, খাদ্য ও পুষ্টি-সচেতনতা, নেতৃত্বের বিকাশ ও দক্ষতা উন্নয়ন এবং সাংস্কৃতিক ও ক্রীড়াক্ষেত্রে বিভিন্ন কার্যক্রম বাস্তবায়ন করার লক্ষ্যেই সংগ্রাম কৈশোর কর্মসূচি বাস্তবায়ন করছে।

## বরগুনা জেনারেল হাসপাতালে ডাস্টবিন বিতরণ

২৫০ শয্যাবিশিষ্ট বরগুনা জেনারেল হাসপাতালের বর্জ্য ব্যবস্থাপনায় সহযোগিতা করতে ৬ (ছয়)টি ডাস্টবিন দিয়েছে স্থানীয় উন্নয়ন সহযোগী সংগঠন সংগ্রাম (সংগঠিত গ্রামোন্নয়ন কর্মসূচী)। ১৯ নভেম্বর, রোববার জেলাপ্রশাসক কার্যালয়ের 'সুবর্ণজয়ন্তী' হলরুমে জেলার উন্নয়ন সভাশেষে জেলাপ্রশাসক মোহাঃ রফিকুল ইসলাম বরগুনা সিভিল সার্জন ডা. মোহাম্মদ ফজলুল হক ও জেনারেল হাসপাতাল তত্ত্বাবধায়ক-এর হাতে এ ডাস্টবিন হস্তান্তর করেন সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন। এ সময় গণপূর্ত'র নির্বাহী প্রকৌশলী সুব্রত বিশ্বাস, জেলাপ্রশাসক কার্যালয়ের অতিরিক্ত জেলাপ্রশাসক (সার্বিক) ফয়সাল আহমেদ, বরগুনা প্রেসক্লাবের সভাপতি অ্যাড. সঞ্জীব দাস, সাংবাদিক হাসানুর রহমান ঝন্টু, পরিচালক (প্রশিক্ষণ) মোঃ মাসউদ সিকদারসহ বিভিন্ন সরকারি দপ্তরের প্রধানগণ উপস্থিত ছিলেন। ডাস্টবিন হস্তান্তরশেষে জেলাপ্রশাসক সকলের উদ্দেশে বলেন- বরগুনা জেনারেল হাসাপাতাল এ অঞ্চলের মানুষের একমাত্র চিকিৎসালয়। এর পরিচর্যা ও পরিচ্ছন্নতার দায়িত্ব আমাদের সকলের। আজ সংগ্রাম ৬টি ডাস্টবিন দিয়ে পরিষ্কার-পরিচ্ছন্নতায় সহযোগিতা করেছে। এভাবে আপনারাও এগিয়ে এলে একসময় হাসপাতালটি সুন্দর রূপ নিবে। এসময় বরগুনা প্রেসক্লাবের সভাপতি ১০টি ডাস্টবিন দেওয়ার প্রতিশ্রুতি প্রদান করেন।




বরগুনার জেলাপ্রশাসক, সিভিল সার্জন ও জেনারেল হাসপাতাল তত্ত্বাবধায়ক-এর হাতে ডাস্টবিন হস্তান্তর করছেন সংগ্রাম'র নির্বাহী পরিচালক

## সমৃদ্ধি স্বাস্থ্য বিভাগে স্বাস্থ্যবিষয়ক সরঞ্জাম প্রদান

সমৃদ্ধি কর্মসূচির স্বাস্থ্য সহায়তা কার্যক্রমে চাকুরিরত ৫জন স্বাস্থ্য কর্মকর্তা ও ২৭জন গ্রাম পর্যায়ে কর্মরত স্বাস্থ্য পরিদর্শককে স্বাস্থ্যবিষয়ক সরঞ্জাম প্রদান করা হয়েছে। সমৃদ্ধি কর্মসূচির আওতায় ১৪ ডিসেম্বর, পাথরঘাটা উপজেলা পরিষদ সম্মেলন কক্ষে আনুষ্ঠানিকভাবে পাথরঘাটা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ফাতিমা পারভীন এই সরঞ্জাম গ্রহীতাদের হাতে তুলে দেন। এ সময় উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী কর্মকর্তা, থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা উপস্থিত ছিলেন।

সমৃদ্ধি কর্মসূচিতে ৫জন স্বাস্থ্য কর্মকর্তা ও ২৭জন স্বাস্থ্য পরিদর্শক সাধারণ রোগীদের চিকিৎসা সেবা প্রদানে সর্বদা সচেষ্ট রয়েছেন। সেক্ষেত্রে ব্যক্তিগত সুরক্ষা ও বাড়তি চিকিৎসা সরঞ্জাম আবশ্যক হওয়ায় সংগ্রাম সমৃদ্ধি কর্মসূচির মাধ্যমে বিপি মেশিন, ওজন মাপার যন্ত্র, ডায়াবিটিস চেক মেশিন, অ্যাপ্রোন, ব্যাগ ও ছাতা প্রদান করা হয়েছে।




স্বাস্থ্য সরঞ্জাম প্রদান করছেন পাথরঘাটা উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান জনাব ফাতিমা পারভীন

## প্রশিক্ষণের অর্জন মাঠ পর্যায়ে কাজে লাগাতে হবে -চৌধূরী মুনীর হোসেন


*মৌলিক প্রশিক্ষণ শেষে অংশগ্রহণকারী ও সংগ্রাম'র নির্বাহী পরিচালক*

'প্রশিক্ষিত লোকবল কর্মের গুণগত মান বৃদ্ধি করে। তাই প্রশিক্ষণে অর্জিত সকল শিক্ষা মাঠ পর্যায়ে কাজে লাগাতে হবে। নিজের অবস্থানকে তৈরি করতে স্বচ্ছতা ও সফলতার লক্ষ্য নিয়ে পথ চলতে হবে। প্রতিটি জায়গায় প্রতিটি মানুষের শিক্ষার সুযোগ রয়েছে। আর এ শিক্ষা নিয়ে বসে থাকলেই চলবে না বরং শিক্ষাকে মূল লক্ষ্যে ফলপ্রসূ করতে হবে। তাহলেই সফলতা অর্জন করা সহজ হবে। শনিবার (২৫ নভেম্বর) সংগ্রাম বাস্তবায়িত ঋণ কর্মসূচির আওতায় মাঠ কর্মকর্তাদের নিয়ে মৌলিক প্রশিক্ষণের সমাপনীয় অনুষ্ঠানে প্রশিক্ষণে অংশ নেওয়া ২০জন মাঠ কর্মকর্তার উদ্দেশ্যে প্রধান অতিথির বক্তৃতায় সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন এ কথা বলেন। তিনি আরও বলেন- দেশ যেভাবে ধাপে ধাপে এগিয়ে যাচ্ছে, ঠিক তেমনি করে এগিয়ে যেতে হবে। ডিজিটাল-এর পরে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণের লক্ষ্যে প্রতিটি মানুষকে স্মার্ট হতে হবে। বাড়াতে হবে প্রযুক্তিগত দক্ষতা। এর আগে গত বৃহস্পতিবার (২৩ নভেম্বর) সংগ্রাম প্রধান কার্যালয়ে আয়োজিত এ মৌলিক প্রশিক্ষণের উদ্‌বোধন করেন- সংগ্রাম'র নির্বাহী পরিচালক। এই প্রশিক্ষণ কোর্সে প্রশিক্ষক হিসেবে দায়িত্ব পালন করেন- সংগ্রাম'র সিনিয়র পরিচালক (প্রশাসন) রেশমাতুজ্জামান, পরিচালক (ঋণ) মোঃ হুমায়ুন কবীর, উপ-পরিচালক (অডিট) মোঃ খলিলুর রহমান, সহকারী পরিচালক (ঋণ) মোঃ ফয়সাল আহম্মদ, আইটি অফিসার মোঃ নূরুল্লাহ্। প্রশিক্ষণের কোর্স কো-অর্ডিনেটরের দায়িত্ব পালন করেন- পরিচালক (প্রশিক্ষণ) মো. মাসউদ সিকদার। এই প্রশিক্ষণে সংগ্রাম'র ঋণ কর্মসূচির ২০টি শাখা থেকে ২০জন মাঠ কর্মকর্তা অংশগ্রহণ করেন। প্রশিক্ষণশেষে একটি মূল্যায়ন পরীক্ষার মাধ্যমে তিনজনকে পুরস্কৃত করা হয়। একই সাথে প্রত্যেক মাঠ কর্মকর্তাকে প্রশিক্ষণ সনদ প্রদান করা হয়। উল্লেখ্য, এর আগে গত ৯ নভেম্বর প্রথম মৌলিক প্রশিক্ষণ শুরু হয়েছিল। যেখানে বিভিন্ন শাখার ২০জন মাঠ কর্মকর্তা প্রশিক্ষণ গ্রহণ করেন।



## কর্মমূখী প্রশিক্ষণে জীবনে ফেরার স্বপ্ন দেখছে ব্র্যাক-সংগ্রাম-প্রাইস প্রকল্পের প্রশিক্ষণার্থীরা

প্রাইস প্রকল্পের প্রশিক্ষণ কার্যক্রমের মাঝে জীবনে ফেরার স্বপ্ন বুনছে প্রশিক্ষাণার্থীরা। অর্থাভাবে শিক্ষা জীবন থেকে ঝড়ে পড়া কিশোর-কিশোরী, প্রতিবন্ধী ব্যক্তি, বাল্যবিবাহের শিকার কিশোরী, অকাল বিধবা নারীদের জন্য সংগ্রাম কর্মমুখী প্রশিক্ষণের আয়োজন করেছে। Partnership Reinforcement for Integrated Skill Enhancement PRISE প্রকল্পের মাধ্যমে এই কর্মসূচী বাস্তবায়ন করছে সংগ্রাম। ডেভেলপমেন্ট ব্যাংক অব জার্মানী কেএফডাব্লিউ'র আর্থিক ও ব্র্যাক এর কারিগরী সহায়তায় সংগ্রাম পটুয়াখালী জেলার গলাচিপা উপজেলার গলাচিপা পৌরসভা এবং পার্শ্ববর্তী গোলখালী, পানপট্টি, ডাকুয়া ইউনিয়ন এলাকা গলাচিপা-১ এবং চিকনিকান্দি এলাকায় গলাচিপা-২ সহ মোট ২টি কর্মএলাকায় বাস্তবায়িত হচ্ছে এ প্রকল্পটি। এ প্রকল্পের মাধ্যমে মোট ১০০ জন প্রশিক্ষণার্থী (নারী ৬২জন এবং পুরুষ ৩৮জন) যাদের মধ্যে ১৮জন প্রতিবন্ধী ব্যক্তি রয়েছে। ৬টি ট্রেডে ৪৭ জন ওস্তাদ ৮জন কারিগরি প্রশিক্ষক, ২জন জীবন দক্ষতা বিষয়ক প্রশিক্ষকের কাছে পড়াশুনা এবং হাতে কলমে কাজ শিখছে এই অংশগ্রহনকারীরা। ১ নভেম্বর ২০২৩ থেকে ৩০ মে ২০২৪ পর্যন্ত মোট ৬ মাস প্রশিক্ষণ শেষে প্রশিক্ষার্থীদের আর্ন্তজাতিকমানের স্বীকৃত বাংলাদেশ কারিগরি শিক্ষা কার্যক্রম এর লেভেল-১ প্রি ভোকেশনাল মানের সার্টিফিকেট প্রদান করা হবে।

## জৈব পদ্ধতিতে শাকসবজি চাষ প্রশিক্ষণ

উপকূলীয় এলাকায় বাড়ির উঠানে কালিকাপুর মডেলে আগাম সবজি চাষ করার মাধ্যমে প্রান্তিক কৃষক পরিবারে বাড়তি আয়ের উদ্দেশ্যে পাথরঘাটায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় আয়বৃদ্ধিমূলক ঋণ কার্যক্রমের সদস্যদের জৈব পদ্ধতিতে শাকসবজি চাষ বিষয়ক প্রশিক্ষণ অনুষ্ঠিত হয়েছে। স্থানীয় এনজিও সংগ্রাম এই প্রশিক্ষণের আয়োজন করেছে। এতে আর্থিক সহযোগিতা দিয়েছে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)।

পাথরঘাটা সদর ইউনিয়নে সংগ্রাম'র হাতেমপুর শাখায় সমৃদ্ধি কর্মসূচির আওতায় ২৬ ডিসেম্বর নমনীয় সহনীয় সার্ভিস চার্জে আয়বৃদ্ধিমূলক ঋণ প্রদান করা হয়। এই সকল ঋণ গ্রহণকারীদের মধ্যে যারা সবজি চাষের সাথে যুক্ত তাদের মধ্য থেকে একটি ব্যাচে ২৫জনকে এই প্রশিক্ষণের আওতাভুক্ত করা হয়েছে।

মনোজ্ঞ উদ্‌বোধনী অনুষ্ঠানের মাধ্যমে প্রশিক্ষণের কার্যক্রম শুরু হয়। এতে সভাপতিত্ব করনে সংগ্রাম হাতেমপুর শাখার ব্যবস্থাপক মোঃ তানভীর আহমেদ। প্রধান অতিথি ছিলেন পাথরঘাটা কৃষি সম্প্রসারণ কর্মকর্তা। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন সংগ্রাম হেল্থ কেয়ার সেন্টারের আবাসিক মেডিক্যাল অফিসার ডা. নিউটন হালদার, চৌধূরী মাসুম কৃষি প্রযুক্তি ইনস্টিটিউটের অধ্যক্ষ কৃষিবিদ মোঃ জাকির হোসেন।



*প্রশিক্ষণশেষে অংশগ্রহণকারীদের সম্মিলিত ছবি*

## সূর্যমুখী বীজ ও নগদ অর্থ সহায়তা প্রদান



কৃষকদের মাঝে বিনামূল্যে সূর্যমুখী বীজ বিতরণ করছেন পাথরঘাটা উপজেলা পরিষদ চেয়ারম্যান, উপজেলা নির্বাহী অফিসার ও সংগ্রাম'র প্রতিষ্ঠাতা

সংগ্রাম পাথরঘাটায় ১০০জন পেঁয়াজ চাষি, ১০০জন বেবি তরমুজ চাষি, ১০০জন সর্জন পদ্ধতিতে চাষ করা চাষি, ৫০জন উচ্চ মূল্যমানের সবজি চাষিকে পাঁচ হাজার টাকা করে মোট ১৭ লক্ষ ৫০ হাজার টাকা নগদ সহায়তা প্রদান করেছে। একই সাথে ২৫০জন সূর্যমুখী চাষিকে ৫০০ গ্রাম করে হাইসান ৩৬ জাতের সূর্যমুখী বীজ বিতরণ করা হয়। ১৪ ডিসেম্বর সংগ্রাম পাথরঘাটা উপজেলা পরিষদ মিলনায়তনে আনুষ্ঠানিকভাবে কৃষকদের মাঝে এ অর্থ সহায়তা ও সূর্যমুখী বীজ বিতরণ করে। পাথরঘাটা উপজেলা নির্বাহী অফিসার মোঃ রোকনুজ্জামান খানের সভাপতিত্বে অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- পাথরঘাটা উপজেলা পরিষদ চেয়ারম্যান মোস্তফা গোলাম কবির। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- সংগ্রাম'র প্রতিষ্ঠাতা চৌধূরী মোহাম্মদ মাসুম, পাথরঘাটা ডিগ্রি কলেজের সাবেক অধ্যক্ষ মোহাম্মাদ জাহাঙ্গীর হোসেন, উপজেলা পরিষদের ভাইস চেয়ারম্যান ফাতেমা পারভীন, থানা ভারপ্রাপ্ত কর্মকর্তা মোঃ আনোয়ার হোসেন, পাথরঘাটা সদর ইউপি চেয়ারম্যান মোঃ আলমগীর হোসেন, আরডিও মোহাম্মদ তারিকুল ইসলাম, উপজেলা কৃষি কর্মকর্তার প্রতিনিধি শ্যামল কৃষ্ণ হাওলাদার প্রমুখ।

## বরগুনায় শীতার্তদের পাশে সংগ্রাম

সংগ্রাম'র বাস্তবায়নে পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশনের সহযোগিতায় প্রবীণ জনগোষ্ঠীর জীবনমান উন্নয়ন কর্মসূচির আওতায় ৩০ নভেম্বর জেলার বামনা উপজেলার ডৌয়াতলা ইউনিয়নের সুন্দরবন হাসপাতাল অ্যান্ড ডায়াগনস্টিক সেন্টার প্রাঙ্গণে শীতার্ত ৭৫জন প্রবীণ ব্যক্তিকে কম্বল প্রদান করা হয়। প্রবীণ ব্যক্তিদের হাতে এ কম্বল তুলে দেন অনুষ্ঠানের প্রধান অতিথি সংগ্রাম'র নির্বাহী পরিচালক চৌধূরী মুনীর হোসেন। কর্মসূচি সমন্বয়ক কৃষিবিদ মোঃ জাকির হোসেন'র সভাপতিত্বে স্বাগত বক্তব্য রাখেন- সংস্থার পরিচালক (প্রশিক্ষণ) মোঃ মাসউদ সিকদার। এসময় বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন- ডৌয়াতলা ইউনিয়ন পরিষদের প্যানেল চেয়ারম্যান মোঃ রেজাউল ইসলাম, প্রকল্পটির ডৌয়াতলা ইউনিয়নের সাধারণ সম্পাদক অমূল্য রতন গাইন। পরে ১৪ ডিসেম্বর আরও ৭৫জন প্রবীণ ব্যক্তির মাঝে কম্বল বিতরণ করা হয়।




শীতার্ত প্রবীণদের মাঝে কম্বল বিতরণ করছেন ডৌয়াতলা ইউপি চেয়ারম্যান



## ২২ ট্রলারে সোনার টেকনোলজি স্থাপন

সংগ্রাম এসইপি-নিরাপদ শুঁটকি প্রকল্পের মাধ্যমে ২২টি সোনার টেকনোলজি স্থাপন করা হয়েছে। পল্লী কর্ম-সহায়ক ফাউন্ডেশন (পিকেএসএফ)-এর আর্থিক সহায়তায় ট্রলারগুলোতে এই প্রযুক্তি স্থাপন করা হয়। প্রতিটি সোনার টেকনোলজির মূল্য ৩ লক্ষ টাকা। এর মধ্যে ২ লক্ষ ৪০ হাজার টাকা অনুদান এবং বাকী ৬০ হাজার টাকা ট্রলার মালিক কস্ট শেয়ারিং হিসেবে প্রদান করেছে। যে ২২টি ট্রলারে সোনার টেকনোলজি স্থাপন করার মাধ্যমে মাছের ঝাঁক শনাক্তে সক্ষমতা তৈরি হয়েছে। পাশাপাশি মাছ কতটা গভীরে আছে তাও শনাক্ত করতে পারছে। ফিশ ফাইন্ডারের সাহায্যে জেলেরা পানির গভীরতা নির্ণয় করছে। জিপিএস থাকায় নিজেদের অবস্থান শনাক্ত, সী-ম্যাপের অপশন থাকায় সমুদ্রের কোথায় অবস্থান করছে তা নিশ্চিত হতে পারবে। ভিএইচএফ সেট ও এন্টেনা ২৫-৫০ কিঃ মিঃ এলাকার মধ্যে নৌ বাহিনীর জাহাজ, কোষ্ট গার্ডের জাহাজ ও অন্যান্য ট্রলারের সাথে যোগাযোগ করতে পারবে।

## উন্নয়নে যুবসমাজ যুবকের গৌরবদীপ্ত জয়গান

সমাজ বিনির্মাণে যুবসমাজ অত্যন্ত গুরুত্বপূর্ণ, তাই আপৎকালীন মুহূর্তে তারা অগ্রণী এবং সাহসী ভূমিকা পালন করতে পারে। আত্ম-কর্মসংস্থান সৃষ্টি করা এবং বিভিন্ন সামাজিক কর্মকাণ্ডে যুবদের অংশীদারত্ব বৃদ্ধি করার লক্ষ্যে সংগ্রাম সমৃদ্ধি কর্মসূচির মাধ্যমে 'উন্নয়নে যুবসমাজ' কর্মকাণ্ডের পাথরঘাটা উপজেলার ৯টি কমিটি থেকে ৪টি ব্যাচে ১০০জন ও বামনা উপজেলার ৪টি ব্যাচে ১০০জনসহ মোট ৮টি ব্যাচে ২০০জনকে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে। 'স্বপ্ন আমার উদ্যোক্তা হব' এই বিষয়ের ওপর মানুষের মানবিক মর্যাদা প্রতিষ্ঠার ক্ষেত্রে যুবদের সম্পৃক্ত হবার মানসিকতা সৃষ্টি করা বিষয়কে গুরুত্ব দিয়ে ১৮-১৯ডিসেম্বর ২দিনব্যাপী এই প্রশিক্ষণটি সম্পূর্ণ ভিডিয়োর মাধ্যমে প্রদর্শন করা হয়েছে। প্রতি সেশনশেষে প্রশ্নপত্র প্রদান করা হয়েছে এবং লিখিতভাবে তাদের শিখন যাচাই করা হয়েছে।




পৃষ্ঠপোষক : চৌধূরী মুনীর হোসেন
নির্বাহী সম্পাদক : চৌধূরী মোহাম্মাদ মঈন, সম্পাদক : মো. মাসউদ সিকদার, গ্রাফিক্স : মো. আরিফ মিয়া
ইনফরমেশন সেল, সংগ্রাম, শহীদ স্মৃতি সড়ক, বরগুনা থেকে প্রকাশিত। ফোন : +৮৮ ০২৪৭৮৮৮৬৮২৮
E-mail: sangramngo@yahoo.com, Facebook: facebook.com/ngosangram, youtube.com/SangramNgo, Website: www.sangram.ngo